# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৫৬

১/ বিবিধ

আরবী

ثلاث من فعلهن ثقة بالله واحتسابا، كان حقا على الله أن يعينه وأن يبارك له: من سعى في فكاك رقبة ثقة بالله واحتسابا كان حقا على الله أن يعينه وأن يبارك له، ومن تزوج ثقة بالله واحتسابا كان حقا على الله أن يعينه وان يبارك له، ومن أحيا أرضا ميتة ثقة بالله واحتسابا كان حقا على الله أن يعينه وأن يبارك له

ضعيف

رواه ابن منده في " المنتخب من الفوائد " (265/2) والثقفي في " الفوائد المعروفة بـ " الثقفيات " (ج9 رقم 17) وكذا الضياء في " المنتقى من مسموعاته بمرو" (119/1) والبيهقي (10/319) وكذا الطبراني في " الأوسط " (5050) عن عمرو بن عاصم الكلابي: نا جدي: عبيد الله بن الوازع عن أيوب السختياني عن أبي الزبير عن جابر مرفوعا

ومن هذا الوجه رواه أبو القاسم الحامض في " حديثه كما في " المنتقى منه " (3/10/1)

وقال الطبراني كما في " مجمع البحرين " (166/2)

" لم يروه عن أيوب إلا عبيد الله تفرد به عمرو

قلت: وهو صدوق في حفظه شيء كما في " التقريب " وقد أخرجه الشيخان وجده عبيد الله بن الوازع مجهول كما قال الحافظ في " التقريب "، وأشار إلى ذلك الذهبي بقوله في ترجمته: " ما علمت له راويا غير حفيده

قلت: وأبو الزبير مدلس معروف بالتدليس وقد عنعنه، فالعجب من الذهبي حيث قال في " المهذب " كما في فيض القدير: إسناده صالح مع نكارته عن أيوب

বাংলা

১২৫৬। তিনটি বস্তু রয়েছে যে ব্যক্তি এ তিনটি বস্তু আল্লাহর প্রতি নির্ভর করে এবং সাওয়াবের আশায় করবে তাকে আল্লাহ্ রব্বুল আলামীনের প্রতি সাহায্য করা এবং তার জন্য বারকাত দান করা অপরিহার্য হয়ে যাবেঃ যে ব্যক্তি আল্লাহর প্রতি নির্ভর করে সাওয়াবের আশায় একটি দাসী মুক্ত করার চেষ্টা করবে তাকে আল্লাহ্ রব্বুল আলামীনের প্রতি সাহায্য করা এবং তার জন্য বারকাত দান করা অপরিহার্য হয়ে যায়। যে ব্যক্তি আল্লাহর প্রতি নির্ভর করে করা এবং তার জন্য বারকাত দান করা অপরিহার্য হয়ে যায়। আর যে ব্যক্তি আল্লাহর প্রতি নির্ভর করে সাওয়াবের আশায় মৃত যমীনকে জীবিত করবে তাকে আল্লাহ্ রব্বুল আলামীনের প্রতি সাহায্য করা এবং তার জন্য বারকাত দান করা অপরিহার্য হয়ে যায়।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইবনু মান্দাহ “আল-মুন্তাখাব মিনাল ফাওয়াইদ” গ্রন্থে (২/২৬৫), আস-সাকাফী "আল-ফাওয়াইদ (প্রসিদ্ধঃ “আত-তাসকীফাত” নামে)" গ্রন্থে (৯/১৭), অনুরূপভাবে যিয়া "আল-মুন্তাকা মিন মাসমূ'আতিহি বি মারু" গ্রন্থে (১/১১৯), বাইহাকী (১০/৩১৯) ও ত্ববারানী “আল-আওসাত” গ্রন্থে (৫০৫০) আমর ইবনু আসেম কুলাবী হতে, তিনি তার দাদা ওবাইদুল্লাহ ইবনুল ওয়াযি’ হতে, তিনি আইয়ুব সিখতিয়ানী হতে, তিনি আবুয যুবায়ের হতে, তিনি জাবের (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

এ সূত্রেই আবুল কাসেম হামেয তার “হাদীস” গ্রন্থে যেমনটি “আল-মুন্তাকা মিনহু” গ্রন্থে (১/১০/৩) বর্ণনা করেছেন। ইমাম ত্ববারানী বলেনঃ যেমনটি "মাজমাউল বাহরাইন" গ্রন্থে (২/১৬৬) এসেছেঃ আইউব হতে একমাত্র ওবাইদুল্লাহই বর্ণনা করেছেন। আমরও এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি সত্যবাদী কিন্তু তার হেফযে ত্রুটি রয়েছে যেমনটি “আত-তাকরীব” গ্রন্থে এসেছে। তার দাদা ওবাইদুল্লাহ ইবনুল ওয়াযে’ মাজহুল (অপরিচিত) যেমনটি হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেছেন। হাফিয যাহাবী তার জীবনীতে এদিকেই ইঙ্গিত করে বলেছেনঃ তার থেকে তার নাতনি ব্যতীত অন্য কেউ বর্ণনা করেছেন বলে জানিনা।

আমি (আলবানী) বলছিঃ আবুয যুবায়ের তাদলীস করার ব্যাপারে প্রসিদ্ধ, তিনি আন আন করে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72135

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন